## স্নাতকোত্তর পাঠক্রম ( P. G.)

**শিক্ষাবর্ষান্ত পরীক্ষা** ( Term End Examination ) :

**ডিসেম্বর, ২০১৪ / জুন, ২০১৫**

# বাংলা ( Bengali )

**দ্বিতীয় পত্র ( 2nd Paper : Bhasabignan O Sahityatatwa )**

**সময় ঃ চার ঘণ্টা** **পূর্ণমান ঃ ১০০**

( মানের গুরুত্ব ঃ ৮০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) ঃ

১৮ × ২ = ৩৬

(ক) পাশ্চাত্য ভাষাবিজ্ঞান চর্চা যেভাবে শুরু হয়েছিল তার পরিচয় দিন সেইসঙ্গে প্রাচীন ভারতের ভাষাবিজ্ঞান চর্চার সাথে এর পার্থক্য কোথায় তা জানান।

(খ) অ-মৌলিক বাক্যের গঠন যথাযথ উদাহরণসহ বুঝিয়ে দিন।

(গ) উপভাষা সমীক্ষার ক্ষেত্রে ক্ষেত্রসমীক্ষার গুরুত্ব কোথায় তা আলোচনা করে দেখান।

(ঘ) প্রাচ্য অলঙ্কারশাস্ত্রে 'রসপ্রস্থান' সম্পর্কে যে ধারণা পাওয়া যায় তা নিজের ভাষায় বিবৃত করুন।



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) 'গ্রিম' ভাষাবিজ্ঞান চর্চায় 'রাস্ক'-কেই অনুসরণ করেছিলেন বলে অনেকে মনে করেন। এ বিষয়টি আপনার অভিমতসহ আলোচনা করুন।

(খ) অবিভাজ্য ধ্বনি কাকে বলে ? উদাহরণ দিয়ে বিষয়টি বুঝিয়ে দিন।

(গ) বাংলা শব্দবিভক্তি নিয়ে আলোচনা করুন।

(ঘ) বাংলা বিশেষ্য গুচ্ছের নানা প্রকার গঠন বৃক্ষ-রেখাচিত্রসহ নির্দেশ করুন।

(ঙ) ভাষা পরিকল্পনা কাকে বলে ? উদাহরণসহ বিষয়টি বুঝিয়ে দিন।

(চ) ধ্রুপদী সাহিত্যবিচার পদ্ধতি পাশ্চাত্যে কীভাবে নানা যুগে বাহিত হয়ে এসেছে তার পরিচয় লিপিবদ্ধ করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) ঃ

৭ × ৪ = ২৮

(ক) ব্লুমফিল্ডের ভাষাবিজ্ঞান চর্চার বিষয়টি নিজের ভাষায় বুঝিয়ে দিন।

(খ) ধ্বনিবিকল্প নির্ণয়ের সূত্র উদাহরণসহ ব্যাখ্যা করুন।

(গ) 'পারঙ্গমতাবোধ' competence বলতে সঞ্জননী ভাষাবিজ্ঞানে কী বোঝায় তা ব্যাখ্যা করুন।

(ঘ) রূপকল্পের শ্রেণিবিভাগটি উদাহরণসহ নির্দেশ করুন।

(ঙ) বাচ্য সংবর্তন উদাহরণ দিয়ে ব্যাখ্যা করুন।

(চ) রূপান্তরণ কাকে বলে ? সংবর্তনী ব্যাকরণে রূপান্তরণের ভূমিকা উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

(ছ) পিজিন ভাষা এবং ক্রেয়ল ভাষা নিয়ে আলোচনা প্রসঙ্গে উভয়ের সঙ্গে মিল ও অমিলের বিষয়টি নির্দেশ করুন।

(জ) 'মাতৃভাষা ও শিক্ষা' বিষয়ে নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করুন।